ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার দপ্তর

বিষয়: **ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত " প্রথম জাতীয় তাফসীর প্রতিযোগিতা-২০২৬ "-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক "প্রথম জাতীয় তাফসীর প্রতিযোগিতা-২০২৬" উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত মাদরাসা সমূহের শিক্ষার্থীগণ উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী সংযুক্ত পত্রে দেয়া আছে।

সংযুক্তিঃ ০২ (দুই) প্রস্থ।

০২.০৮.২৬

প্রফেসর ড.এ. কে মুহা.নুরুল ইসলাম
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ / অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সকল ফাজিল ও কামিল মাদরাসা

ইউ.ও নোট নং: ইআবি/রেজি/প্রশা/বি.যো/পার্ট ফাইল-২/২০২১/৪৩৯, তারিখ: ০২.০৮.২০২৬খ্রি.

**অনুলিপি:**

১. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
২. প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) -এর একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৩. প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) -এর একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৪. আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. অফিস নথি।

02/08/2026

ফাহাদ আহমদ মোমতাজী
উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

# ইসলামিক ফাউন্ডেশন

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

স্মারক নম্বর ১৬.০১.০০০০.০০০৫.৩১.০০০৪.২৬. ৯৭৪ তারিখ: ২০ জুলাই ২০২৬

বরাবর,
ভাইস চ্যান্সেলর
ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা

বিষয়: **ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত ‘প্রথম জাতীয় তাফসীর প্রতিযোগিতা-২০২৬’-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ।**

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের প্রথম ১৮০ দিনের কর্মপরিকল্পনা ও নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশে ইসলামিক ফাউন্ডেশন এ বছর প্রথমবারের মতো ‘জাতীয় তাফসীর প্রতিযোগিতা’ আয়োজন করতে যাচ্ছে। আল-কুরআনের সহীহ্ তাফসীর, জ্ঞান চর্চা, গবেষণা-মনস্কতা বৃদ্ধি, প্রজ্ঞাবান আলেম ও মুফাসসির তৈরি এবং নৈতিক মূল্যবোধভিত্তিক সমাজ গঠনের লক্ষ্যে এ তাফসীর প্রতিযোগিতা একটি অনন্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে বলে আমরা বিশ্বাস করি।

আপনার প্রতিষ্ঠানটি দেশের ইসলামী শিক্ষা বিস্তারে অত্যন্ত গৌরবময় ভূমিকা পালন করে আসছে। আমরা মনে করি, আপনার প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে তাদের যোগ্যতার স্বাক্ষর রাখার পাশাপাশি জাতীয় পর্যায়ে অবদান রাখার সুযোগ পাবে, ইনশাআল্লাহ।

অতএব, আপনার প্রতিষ্ঠানের যোগ্য ও আগ্রহী শিক্ষার্থীদের এ প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে আপনার সদয় সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

দ্বীন প্রচার ও ইসলামের সেবায় আপনার ও আপনার প্রতিষ্ঠানের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করছি।

সংযুক্তি: জাতীয় তাফসীর প্রতিযোগিতার নিয়মাবলীর বিজ্ঞপ্তি- ১ (এক) কপি।


মোঃ মহিউদ্দিন
পরিচালক
সমন্বয় বিভাগ
ফোন : ০২-২২২২১৮২৬১
ifacoordination@gmail.com


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
ভাইস চ্যান্সেলরের কার্যালয়
তারিখ:
ডায়েরি নং:
প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর
ট্রেজারার দপ্তর
ডিন, কামিল কেন্দ্র/ফাজিল কেন্দ্র/কারিকুলাম কেন্দ্র
রেজিস্ট্রার দপ্তর
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
মাদ্রাসা পরিদর্শক দপ্তর
অর্থ ও হিসাব/পওউ/জনসংযোগ দপ্তর
☐ জরুরী/অতীব জরুরী
☐ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/আলোচনা/সারাংশ পেশ করার জন্য প্রেরণ করা হলো
একান্ত সচিব

# ইসলামিক ফাউন্ডেশন

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

# জাতীয় তাফসীর প্রতিযোগিতা ২০২৬

বর্তমান সরকারের প্রথম ১৮০ দিনের কর্মপরিকল্পনা ও নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশে এই প্রথমবারের মতো আয়োজন করা হয়েছে জাতীয় তাফসীর প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা বিভাগীয় পর্যায় থেকে শুরু হবে। বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। উক্ত প্রতিযোগিতায় নিম্নরূপ শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান জানানো যাচ্ছে:

**প্রতিযোগিতার গ্রুপ ও বিষয়**

| গ্রুপ | যারা অংশগ্রহণ করতে পারবে | বয়সসীমা | তাফসীরের বিষয় |
|---|---|---|---|
| ক | ফাজিল/জালালাইন/দাওরায়ে হাদীস/কামিল/আরবি ও ইসলামিক স্টাডিজে অধ্যয়নরত শিক্ষার্থী | অনুর্ধ্ব ৩০ বছর | সূরা ফাতিহা, সূরা বাকারাহ ও সূরা আলাক |
| খ | কামিল/দাওরায়ে হাদীস/আরবি ও ইসলামিক স্টাডিজে স্নাতকোত্তর ডিগ্রিধারী মাদ্রাসা শিক্ষক, খতিব, ইমাম, গবেষক, দাঈ, ইসলামী লেখক, ওয়ায়েজ ও সংস্কৃতিকর্মী | অনুর্ধ্ব ৪০ বছর | সূরা আন-নূর, সূরা ইয়াছীন, সূরা হুজরাত, সূরা আর রাহমান ও সূরা ওয়াকিয়াহ |

**অংশগ্রহণকারীদের যোগ্যতা**

১। বাংলাদেশের নাগরিক হতে হবে।
২। আরবি ভাষায় কথা বলায় পারদর্শী হতে হবে।
৩। পবিত্র কোরআনের শাব্দিক অর্থসহ তরজমা করার যোগ্যতা থাকতে হবে।
৪। উলুমুল কোরআন, উসুলুত তাফসীর, হাদীস, ফিকহ, ইলমুন নাহ, ইলমুস সরফ এবং বালাগাতসহ প্রয়োজনীয় জ্ঞান থাকতে হবে।

**জাতীয় পর্যায়ে পুরস্কারের মূল্যমান**

| ক্রম | পুরস্কারের ক্রম | পুরস্কারের সংখ্যা | পুরস্কারের মূল্যমান |
|---|---|---|---|
| ১ | চ্যাম্পিয়ন পুরস্কার | ২টি | ২ লক্ষ টাকা, ক্রেস্ট ও সনদপত্র |
| ২ | ১ম রানার্স আপ | ২টি | ১.৫ লক্ষ টাকা, ক্রেস্ট ও সনদপত্র |
| ৩ | ২য় রানার্স আপ | ২টি | ১ লক্ষ টাকা, ক্রেস্ট ও সনদপত্র |

**নিয়মাবলী**

১। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে https://tinyurl.com/tafsircompetition26 এই লিঙ্কের মাধ্যমে আবেদন করতে হবে।
২। আগ্রহী প্রতিযোগীদের ইসলামিক ফাউন্ডেশনের ৮টি বিভাগীয় কার্যালয়- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ- এর যে কোনো একটি কার্যালয়ের মাধ্যমে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে এবং তা অনলাইন আবেদনে উল্লেখ করতে হবে।
৩। বিভাগীয় পর্যায়ে ১ম পুরস্কার বিজয়ীকে নগদ ২০ হাজার টাকা, ২য় পুরস্কার বিজয়ীকে নগদ ১৫ হাজার টাকা ও ৩য় পুরস্কার বিজয়ীকে নগদ ১০ হাজার টাকা, ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে।
৪। বিভাগীয় পর্যায়ে বিজয়ীদের নিয়ে ঢাকায় এক সপ্তাহের গ্রুমিং বা প্রশিক্ষণ প্রদান করা হবে। অতঃপর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
৫। বিভাগীয় পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।
৬। নির্বাচনী পরীক্ষায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৭। সাফওয়াতুত তাফাসীর, কালিমাতুল কোরআন, তাফসীরে জালালাইন, তাফসীরে মাজহারী, তাফসীর ইবনে কাছীর ও তাফসীরে মারেফুল কোরআন প্রতিযোগিতায় সহায়ক গ্রন্থ হিসেবে বিবেচিত হবে।

২৬/৭/২০২৬

মোঃ মহিউদ্দিন
পরিচালক
সমন্বয় বিভাগ
ফোন: ০২২২২২১৮২৮১